55

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 FEB 1996 ...
পৃষ্ঠা 2 কলাম ৭

## উত্তর জনপদের জন্য কি একটি বিশ্ববিদ্যালয়ই যথেষ্ট ?

শিক্ষা মানুষের একটি মৌলিক অধিকার। কিন্তু সেই অধিকারটুকু আদায়ে উত্তর জনপদের লোকদের খুব একটা সুবিধা নাই। ১৬টি জেলার অধিবাসীদের জন্য একটি মাত্র বিশ্ববিদ্যালয় আছে। অধুনা কিছু কিছু কলেজকে বিশ্ববিদ্যালয়ের কিছু বিষয়ে পাঠদানের অনুমতি দেওয়া হইয়াছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের বিষয়গুলি পড়ানোর অনুমতি প্রদান করিলেই কি এগুলিকে পূর্ণাংগ বিশ্ববিদ্যালয় বলা যায়, নাকি পূর্ণাংগ বিশ্ববিদ্যালয়ের সকল সুযোগ-সুবিধা সেখানে পাওয়া যায় ?

অনার্স ও মাষ্টার কোর্স পড়া ও পড়ানোর জন্য প্রয়োজন অভিজ্ঞ অধ্যাপকসমৃদ্ধ লাইব্রেরী, ল্যাবরেটরী ইত্যাদি। মফস্বল শহরের বিশ্ববিদ্যালয় কলেজগুলিতে এইসব সুবিধা বিদ্যমান নয়। ফলে এসব বিশ্ববিদ্যালয় কলেজ হইতে পাস করা ছাত্র/ছাত্রীরা ঢাকা বা আশপাশের বিশ্ববিদ্যালয় হইতে পাস করা ছেলেমেয়েদের সংগে প্রতিযোগিতায় টিকিতে পারে না। তাই উত্তর জনপদের ছাত্র/ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য ছুটিয়া আসে ঢাকায়, ময়মনসিংহে, সিলেটে, খুলনায়, চট্টগ্রামে বা কুষ্টিয়ায়। কিন্তু উত্তর জনপদের ছেলেমেয়েদের এত দূরে আসিয়া লেখাপড়া করা শুধু ব্যয়বহুলই নয়, ঝুঁকিপূর্ণও বটে। তাই উত্তর জনপদের বিশাল জনগোষ্ঠীর ছেলেমেয়েদের জন্য আরও দুই/তিনটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা প্রয়োজন। অনেক সময় সরকার প্রধানগণ কারমাইকেল কলেজের পরিবেশ, সমৃদ্ধ লাইব্রেরী, ল্যাবরেটরী, খেলার মাঠ ইত্যাদি দেখিয়া কলেজটিকে পূর্ণাংগ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার আশ্বাস দিয়াছেন। কিন্তু দুঃখের বিষয়, রংপুরবাসীর এই আশাটি আজও পূর্ণ হয় নাই। অন্যদিকে হাজী দানেশ কৃষি কলেজকে পূর্ণাংগ কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার অবকাশ বিদ্যমান। এমতাবস্থায় আমি উত্তর জনপদের উচ্চশিক্ষা বিস্তারের সুবিধার্থে রংপুর কারমাইকেল ও দিনাজপুরের হাজী দানেশ কৃষি কলেজকে একটি পূর্ণাংগ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার জন্য শিক্ষা মন্ত্রণালয়সহ উর্ধ্বতন সকল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মাহবুবুল হক চৌধুরী,
১৫৩, লেক সার্কাস, কলাবাগান, ঢাকা।